লেন্স এশিয়া
১০ ফেব্রুয়ারি, ২০২৬

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগের ঘোষণা



ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের আগের দিন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সরে দাঁড়ানোর সিদ্ধান্তের কথা জানিয়েছেন। তবে এখনই পদত্যাগপত্র দিচ্ছেন না; নতুন সরকার দায়িত্ব নেওয়ার পর প্রশাসনিক ধারাবাহিকতা রেখে দায়িত্ব হস্তান্তর করবেন।

মঙ্গলবার বিকেলে সংবাদ সম্মেলনে তিনি বলেন, নির্বাচিত সরকার যেন নিজেদের পরিকল্পনা অনুযায়ী বিশ্ববিদ্যালয় প্রশাসন সাজাতে পারে, সে সুযোগ দিতেই এই সিদ্ধান্ত। কোনো শূন্যতা তৈরি না করে দায়িত্ব হস্তান্তর প্রক্রিয়ায় সহযোগিতা করবেন বলেও জানান তিনি।

ড. নিয়াজ আহমদ খান জানান, এটি স্বেচ্ছায় নেওয়া সিদ্ধান্ত; রাজনৈতিক চাপ নয়। দায়িত্ব ছাড়ার পর তিনি শিক্ষকতায় ফিরতে চান, তবে বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনে সহযোগিতায় থাকবেন।

LENS ASIA